তারিখ 13 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
আমাদের সময়

১৬ বছরেও নির্মিত হয়নি পাকা ভবন

# মঠবাড়িয়ায় মিরুখালী কলেজে হাঁটুপানির মধ্যেই পাঠদান

ইসরাত জাহান মমতাজ, মঠবাড়িয়া • ভারি বর্ষণ ও বিষখালী নদের
পিরোজপুরের মঠবাড়িয়ার মিরুখালী কলেজে পানির মধ্যে শিক্ষকরা পাঠদান
জোয়ারের পানি প্রবেশ করায় হাঁটু সমান পানি পড়ায় শিক্ষক-শিক্ষার্থীরা ভিজে যায়
করছেন। এদিকে টিনের চালা থেকে পানি পড়ায় প্রতিষ্ঠিত হলেও দীর্ঘ ১৬ বছরেও
এবং নষ্ট হয় আসবাব। ২০০০ সালে কলেজটি প্রতিষ্ঠিত হলেও দীর্ঘ ১৬ বছরেও
নির্মিত হয়নি পাকা ভবন।
সরেজমিন দেখা গেছে, প্রতিষ্ঠাকালীন টিনের একমাত্র ঘরটি জরাজীর্ণ অবস্থায়
রয়েছে। যে কোনো সময় ঘটতে পারে দুর্ঘটনা।
দীর্ঘ ৫ বছর আগে স্থানীয় সংসদ সদস্য ডা. রুস্তুম আলী ফরাজী জেলা পরিষদ
থেকে কিছু অনুদান দিয়ে ৩ কক্ষ বিশিষ্ট একটি পাকা অবকাঠামো ভবন দাঁড়
করালেও তার দরজা, জানালা ও ছাদ এখন পর্যন্ত হয়নি।
কলেজের অধ্যক্ষ মোস্তফা কামাল জানান, বর্ষার পানিতে শিক্ষার্থীদের পাঠদানে
ভোগান্তি হচ্ছে। তিনি আরও বলেন, সমসাময়িক অনেক কলেজেই পাকা ভবন
নির্মিত হলেও এ কলেজটিতে উন্নয়নের ছোঁয়া লাগেনি।